দৈনিক ইত্তেফাক

4

তারিখ ... ... DEC 1 4 1999 ..
পৃষ্ঠা ১৩ .. কলাম ৫ ......

# প্রেসিডেন্টের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দলের সাক্ষাৎ

বাসস ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট সিণ্ডিকেট সদস্য ও একাডেমিক কাউন্সিলরদের ১২ সদস্যের একটি প্রতিনিধিদল রবিবার বঙ্গভবনে প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সঙ্গে সাক্ষাৎ করেন। ভাইস-চ্যান্সেলর ডক্টর এ কে আজাদ চৌধুরী প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। প্রতিনিধিদলের সদস্যরা আগামী ১৮ই ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানের প্রস্তুতি সম্পর্কে রাষ্ট্রপতিকে

( ৭ম পৃঃ দ্রঃ )

## প্রেসিডেন্টের সঙ্গে

(৩য় পৃঃ পর)

অবহিত করেন। তাহারা বলেন, স্বাধীনতার পর এইটিই হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন। তাহারা আশা প্রকাশ করেন যে, জাতীয় এই অনুষ্ঠানের সাফল্যের জন্য সকলেই সহযোগিতা করিবেন। প্রেসিডেন্ট এই বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর।

প্রেসিডেন্ট সাহাবুদ্দীন বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন অনুষ্ঠানের উদ্যোগ নেওয়ার প্রশংসা করিয়া বলেন, নিয়মিত সমাবর্তন অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের শান্তিপূর্ণ পরিবেশ ও প্রতিষ্ঠানের ভাবমূর্তি পুনরুদ্ধারে সহায়তা করিবে। ভাইস চ্যান্সেলর সমাবর্তন উদ্বোধনের জন্য চ্যান্সেলরকে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানান।

অন্যান্যের মধ্যে সিনেট সদস্য ব্যারিষ্টার শওকত আলী খান, আ, ফ, ম, মেসবাহউদ্দিন, মোহাম্মদ আলী এবং অধ্যাপক চৌধুরী শামসুল হুদা হারুন উপস্থিত ছিলেন।